

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
পুলিশ-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৯৬.০১.০০২.১৫-১৪২—ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ খ্রিস্টাব্দের ৫ নং আইন) এর ৪ ধারার উপধারা ১ (এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নয়ন, অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলার তদন্ত কার্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত তফসিলের ৫ম কলামে বর্ণিত থানা হইতে কিছু অংশ বিমুক্তকরণপূর্বক নতুন থানা সৃষ্টি করার পর ২য় কলামে বর্ণিত মৌজাসমূহ লইয়া “তেজগাঁও শিল্পাঞ্চল থানা” পুনর্গঠন করিল।

তফসিল

থানার সীমানা :

উত্তরে : মহাখালী রেলক্রসিং হইতে মহাখালী মোড় হইয়া টঞ্জী ডাইভারসন রোডের মিড আইল্যান্ড হইয়া মহাখালী বায়তুল মাহফুজ জামে মসজিদ সংলগ্ন দেয়ালের দক্ষিণ সীমানা হইতে শহীদ তাজ উদ্দিন আহম্মেদ সরণীর মধ্য সীমানা হইয়া মহাখালী বাস টার্মিনালের উত্তর-পশ্চিম সীমানা হইতে উত্তর-পূর্ব সীমানা ধরিয়া অতঃপর তেজগাঁও শিল্পাঞ্চল এলাকার উত্তর সীমানা ধরিয়া নিকেতন ব্রীজ পর্যন্ত সীমারেখার দক্ষিণে অবস্থিত পুরাতন তেজগাঁও থানার সীমানা এলাকা।

পশ্চিমে : মহাখালী রেলক্রসিং হইতে রেললাইন ধরিয়া তেজগাঁও রেল স্টেশন হইয়া সোনারগাঁও লিংক রোড এবং রেলক্রসিং এর মধ্যবর্তী পয়েন্ট এর পূর্ব দিকে অবস্থিত এলাকাসমূহ।

(১৪৯৬১)

মূল্য : টাকা ৪.০০

দক্ষিণে : সোনারগাঁও লিংক রোড এবং রেলক্রসিং এর মধ্যবর্তী পয়েন্ট হইতে রেইনবো ক্রসিং পর্যন্ত সড়কের উত্তরে অবস্থিত এলাকা এবং বর্তমান তেজগাঁও থানার দক্ষিণ সীমানা ধরিয়া পূর্ব সীমানার শেষ পয়েন্ট পর্যন্ত সীমানা রেখার উত্তরে অবস্থিত এলাকা।

পূর্বে : বর্তমান তেজগাঁও থানার পূর্ব সীমানার দক্ষিণ পূর্ব সীমানা পয়েন্ট হইতে তেজগাঁও থানার পূর্ব সীমানা ধরিয়া নিকেতন ব্রীজের পূর্ব পর্যন্ত এলাকার পশ্চিম পাশে অবস্থিত এলাকা।

দ্রষ্টব্য : বর্ণিত রাস্তা সীমান্ত এবং এ রাস্তার মধ্য দিয়া টানা রেখা সীমান্ত রেখা হিসাবে বিবেচিত হইবে।

ক্রমিক নং	মৌজার নাম	জেএল নম্বর	ওয়ার্ড	বর্তমানে কোন থানার অন্তর্গত
১।	বেগুনবাড়ী বর্তমানে তেজগাঁও শিল্পাঞ্চল	জেএল নং-৮৮ বর্তমান-০৬	ওয়ার্ড নং-৩৭ (অংশ), বর্তমান-২৪ বেগুনবাড়ী, কুনিপাড়া, তেজগাঁও শিল্প এলাকাসমূহ	তেজগাঁও শিল্পাঞ্চল
২।	তেজকুনি পাড়া বর্তমানে তেজগাঁও	জেএল নং-৮৯ বর্তমান-০৫	ওয়ার্ড নং-৩৮ (অংশ), বর্তমান-২৫ পূর্ব নাখালপাড়া ও সংলগ্ন এলাকা	
৩।	মহাখালী	জেএল নং- ১০৪(অংশ) বর্তমান-০৫	ওয়ার্ড নং-২০ (অংশ), বর্তমান-২০ মহাখালী, রসুলবাগ এলাকা	

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহুমিনা বেগম
উপসচিব।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd